

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

প্রশাসন ও অর্থ ডিভিশন

প্রশাসন ডিপার্টমেন্ট

প্রশাসন সেকশন

[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

সূত্র নংঃ বিএসইসি/প্রশাসন/৩০:১৫/খড-৩য়/৯৭/২১১

তারিখঃ ২০ চৈত্র ১৪৩০  
০৩ এপ্রিল ২০২৪

## অকেজো মালামাল বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কিছু অকেজো মালামাল বিক্রয় করা হবে। উক্ত মালামাল ক্রয় করতে আগ্রহী প্রতিষ্ঠান/ক্রেতা নিজস্ব প্যাডে (যদি থাকে) সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২৫/০৪/২০২৪ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কমিশন ভবনের অভ্যর্থনা কক্ষে রক্ষিত দরপত্র বাজে নমুনা অনুযায়ী দরপত্র দাখিলের জন্য আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, একই দিন বেলা ১২:৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত দরপত্র উন্মুক্ত করা হবে। এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে দরপত্র উন্মুক্তকরণের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সকাল ৯:৩০ থেকে বিকাল ৩:০০ পর্যন্ত কমিশনের প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করে এয়ার কন্ডিশনারগুলো সরেজমিনে দেখা যাবে।

বিক্রয়যোগ্য মালামালের তালিকা ও নমুনা নিম্নরূপঃ

ক্রঃ নং	মালামালের বর্ণনা	পরিমাণ	প্রদত্ত দর	
			একক মূল্য	মোট মূল্য
০১	চেয়ার	৩৫ টি		
০২	বুক সেলফ	০২ টি		
০৩	স্ট্যান্ড ক্যান	০৪ টি		
০৪	বোর্ড ক্যাবিনেট	০৪ টি		
০৫	ডি-হিউমিডিফায়ার	০৩ টি		
০৬	পাঞ্চ মেশিন	০৫ টি		
০৭	খাই	০৬ টি		
০৮	স্প্রে মেশিন (করোনা ভাইরাস প্রাদুর্ভাবের সময় স্থাপিত)	০২ টি		
০৯	ইউপিএস বক্স	০২ টি		
১০	ফটোকপি মেশিন রাখার বাক্স	০২ টি		
১১	কাঠের সোফা ৩ সিটের ১টি +১ সিটের ২টি	০৩ টি		
১২	ইলেকট্রিক কেটলি	০৫ টি		
১৩	IP-PABX BOX	০৩ টি		
১৪	টেবিল	০৭ টি		
১৫	অ্যাপ্লিনিয়ার	আনুমানিক ০৭ কেজি		
১৬	Show Cage	০১ টি		
১৭	ফটোকপি টোনার (Toshiba Photocopy Toner T2309)	১১ টি		
১৮	কম্পিউটার টোনার (HP Laser Jet 1320,1100, APTECH HP 1100, APTECH HP Laserjet 1320)	০৬ টি		
১৯	পাড়ির পুরাতন যন্ত্রাংশ	আনুমানিক ৪০ কেজি		
২০	পাড়ির টায়ার	০৬ টি		
মোট টাকাঃ				
কম্বায়ঃ				

### শর্তাবলীঃ

- নমুনা অনুযায়ী আইটেমভিত্তিক প্রত্যেকটির আলাদা আলাদা দর দাখিল করতে হবে এবং সর্বমোট মূল্য উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতার নিকট মালামাল বিক্রয় করা হবে।
- দরদাতাগণ মালামালসমূহ সরেজমিনে পরিদর্শন করে দর দাখিল করবেন। পরবর্তীতে মালামালের সংখ্যা বা মান নিয়ে আপত্তি গ্রহণযোগ্য হবে না। মালামালের সংখ্যা কম বেশি হতে পারে। সেক্ষেত্রে একক মূল্য অনুযায়ী মূল্য নির্ধারিত হবে।
- দাখিলকৃত দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১০% জামানত হিসেবে পে-অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বরাবর জমা দিতে হবে।
- নির্বাচিত ১ম সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশ দেওয়ার পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে দরপত্রে উল্লিখিত মোট মূল্যের উপর সরকার নির্ধারিত আয়কর ১০% এবং ভ্যাট ৭.৫% সোনালী ব্যাংক এ জমা প্রদান করে চালানোর মূল কপি প্রশাসন বিভাগে জমা দিতে হবে এবং দরপত্রে উদ্ধৃত সমুদয় মূল্য পে-অর্ডারের মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বরাবর জমা দিতে হবে। গেইট পাস পাওয়ার পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে নিজ দায়িত্বে মালামাল সংগ্রহ করতে হবে অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে। একই সাথে ২য় সর্বোচ্চ দরদাতা বরাবর বিক্রয়ের অফিস আদেশ প্রদান করা হবে।
- কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কমিশন যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল বা সকল দরপত্র বাতিল করা ছাড়াও প্রত্যাশা অনুযায়ী দর পাওয়া না গেলে তা বাতিল করতঃ পরবর্তী ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।
- বিজ্ঞপ্তি অত্র দপ্তরের ওয়েবসাইট <https://sec.gov.bd/> এ পাওয়া যাবে।



দিশংকর মডল  
সহকারী পরিচালক (প্রশাসন)

**বিভরণঃ**

০১। কমিশনের নোটিশ বোর্ড;

০২। বিডা, পাসপোর্ট, বিটিআরসি, ও এলজিএডি অফিসের নোটিশ বোর্ড;

০৩। নির্বাহী পরিচালক, আইসিটি ডিভিশন, বিএসইসি (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

০৪। .....

**সদয় অবগতির জন্যঃ**

০১। চেয়ারম্যান মহোদয়, বিএসইসি;

০২। সকল কমিশনারগণের দপ্তর, বিএসইসি;

০৩। নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএসইসি;